

“শেখ হাসিনার বারতা  
নারী পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩ ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।




স্মারক নম্বর- ৩২.০১.০০০০.০০৩.১১.০২৩.১৯- ০২৪৮

তারিখ: ২৭/০৪/২০২২ খ্রি:

**বিষয়: কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় উপজেলা থেকে প্রাপ্ত জেভার প্রোমোটর, সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকদের প্যানেল অনুমোদন।**

মহিলা বিষয় অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের আওতায় সমগ্র বাংলাদেশে প্রতিটি পৌরসভায় ও ইউনিয়নে ৪৮৮৩ টি ( ৩৩০ টি পৌরসভা ও ৪৫৫৩ টি ইউনিয়ন) ক্লাব স্থাপন করা হয়েছে। উক্ত ক্লাব সমূহ সংশ্লিষ্ট জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার তত্ত্বাবধানে এবং প্রকল্পে নিয়োগ প্রাপ্ত জেভার প্রোমোটর, সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকদের মাধ্যমে পরিচালিত হচ্ছে। জেভার প্রোমোটর, সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষকদের উপজেলা হতে প্রাপ্ত প্যানেল হতে জেলা ও উপজেলার মহিলা বিষয়ক কর্মকর্তাদের চাহিদার ভিত্তিতে ক্রমানুসারে প্রকল্প অফিস নিয়োগপত্র প্রদান করে। গত ২৩/০৯/২০২১ খ্রি: তারিখে প্রকল্প স্ট্রয়ারিং কমিটি জেভার প্রোমোটর, সংগীত শিক্ষক ও আবৃত্তি শিক্ষক গণের নিয়োগ সংশ্লিষ্ট উপজেলা নিয়োগ কমিটির মাধ্যমে সম্পন্ন করে নিয়োগপ্রাপ্তদের প্যানেল প্রকল্প পরিচালক, কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প ও মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক অনুমোদন নিতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। পরবর্তীতে কোন পদ শূণ্য হলে উপ পরিচালক/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাগণ অনুমোদিত প্যানেল হতে মেধাক্রম অনুসারে উপজেলা নির্বাহী কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে শূণ্যপদে নিয়োগ প্রদান করে প্রকল্প কার্যালয়কে অবহিত করবেন।

এমতাবস্থায়, কেশবপুর, ঝিকরগাছা, দৌলতপুর, ফুলবাড়ী, কেরানীগঞ্জ, ধামরাই, কসবা, পীরগঞ্জ, দামুড়হুদা, নকলা, মীরসরাই উপজেলাসহ ১১টি উপজেলার প্যানেল নির্দেশক্রমে অনুমোদন করা হল এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলা হল।

  
(নো: তরিকুল আলম)

(অতিরিক্ত সচিব)

প্রকল্প পরিচালক (অ:দা:)

কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প

মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।

*MmHjg*

বিতরণ:

- ১। উপপরিচালক (সংশ্লিষ্ট জেলা), মহিলা বিষয়ক অধিদপ্তর, .....
- ২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট উপজেলা), মহিলা বিষয়ক অধিদপ্তর, .....

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক (সংশ্লিষ্ট জেলা)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সংশ্লিষ্ট উপজেলা)।
- ৫। অফিস কপি।